

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৬৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَسْلَمَ قَالَ: إِنَّ عُمَرَ دَخَلَ يَوْمًا على أبي بكر الصِّدِّيق رَضِي الله عَنْهُم وَهُوَ يَجْبِذُ لِسَانَهُ. فَقَالَ عُمَرُ: مَهْ غَفَرَ الله لَك. فَقَالَ أَبُو بَكْرٍ: إِنَّ هَذَا أَوْرَدَنِي الْمَوَارِدَ. رَوَاهُ مَالك

বাংলা

৪৮৬৯-[৫৮] আসলাম (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন 'উমার (রাঃ) আবূ বকর সিদ্দীক (রাঃ)-এর নিকট আসলেন, তখন আবূ বকর সিদ্দীক(রাঃ) নিজের জিহবা টানছিলেন। তখন 'উমার(রাঃ) বললেনঃ থামুন, দেখি! আপনি কি করছেন? আল্লাহ আপনাকে ক্ষমা করুন। তখন আবূ বকর সিদ্দীক(রাঃ) বললেনঃ এ জিহবাই আমাকে ধ্বংসের স্থানসমূহে নিক্ষেপ করেছে। (মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ : মালিক ৩৬২১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮৭৩, হিলইয়াতুল আওলিয়া ১/৩৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ عُمْرَ دَخَلَ يَوْمًا على أَبِيْ بِكِرِ الْصِدِّدِيقِ) একদিন 'উমার আবূ বকর সিদ্দীক (রাঃ)-এর গৃহে প্রবেশ করলেন। এমতাবস্থায় যে, তিনি তার জিহ্বাকে টেনে ধরে আছেন। তখন 'উমার (রাঃ) বললেন, (৯৯) এ কাজ থেকে বিরত হোন। আল্লাহ আপনাকে ক্ষমা করুন। তিনি দু'আ অর্থে এটা বলেছেন অথবা তার ব্যাপারে যা শুনেছেন সে ব্যাপারে সংবাদমূলক। তখন আবূ বকর সিদ্দীক (রাঃ) তাকে বললেন- নিশ্চয় এই জিহ্বার প্রতি ইঙ্গিত করে বলার উদ্দেশ্য হলো এর প্রতি সম্মান প্রদর্শন অথবা তাকে তুচ্ছকরণ।

(أُوْرَدَنِي الْمَوَارِد) আমাকে ধ্বংসের মধ্যে প্রবেশ করিয়েছে বা আমাকে ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছিয়ে দিয়েছে। বায়হাকীর বর্ণনায় এসেছে- তিনি বলেন, নিশ্চয় এটি আমাকে ধ্বংসের অনিষ্টতায় প্রবেশ করিয়েছে। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শরীরের অঙ্গ-প্রত্যন্তের মধ্যে কেবল জিহ্বাই তার কৃতকর্ম সম্পর্কে



আল্লাহর নিকট অভিযোগ করবে।

ইমাম গাযালী (রহিমাহুল্লাহ) বলেনঃ আবূ বকর সিদ্দীক (রাঃ) সম্পর্কে বর্ণিত হয়েছে যে, তিনি নিজেকে অহেতুক কথা বলা থেকে বিরত রাখার জন্য মুখে পাথরকুচি রাখতেন এবং তিনি তার জিহ্বার দিকে ইঙ্গিত করে বলতেন-এটাই আমাকে ধ্বংসের মধ্যে প্রবেশ করিয়েছে। (মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসলাম (রাঃ)

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>